

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১০, ২০২৪

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৭ জ্যৈষ্ঠ, ১৪৩১ মোতাবেক ১০ জুন, ২০২৪

নিম্নলিখিত বিলটি ২৭ জ্যৈষ্ঠ, ১৪৩১ মোতাবেক ১০ জুন, ২০২৪ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ০৯/২০২৪

২০২৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত  
তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের  
কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু ২০২৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত  
তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও  
প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২৪ নামে অভিহিত  
হইবে।

২। ২০২৩-২০২৪ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৩৭৮১৭,৪০,৫৭,০০০ (সাঁইত্রিশ  
হাজার আটশত সতেরো কোটি চল্লিশ লক্ষ সাতান্ন হাজার) টাকা প্রদান।—২০২৪ সনের ৩০ জুন  
তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে  
সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম  
৫ এ উল্লিখিত ৩৭৮১৭,৪০,৫৭,০০০ (সাঁইত্রিশ হাজার আটশত সতেরো কোটি চল্লিশ লক্ষ সাতান্ন  
হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

( ১৯৬৩১ )

মূল্য : টাকা ৮.০০

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

## তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
০৪	নির্বাচন কমিশন সচিবালয়	২০৪৪,১০,৭৬	৩১৮,৪৬,০০	২৩৬২,৫৬,৭৬
০৫	জনপ্রশাসন মন্ত্রণালয়	০	৫৯২,৪৯,৫৬	৫৯২,৪৯,৫৬
০৬	বাংলাদেশ সরকারি কর্ম কমিশন	-৩৬৫,৭০	১৪,১৬,০০	১০,৫০,৩০
	বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	৮,৪৪,৯১	০	৮,৪৪,৯১
০৯	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০	৪৯৫,৫২,২৯	৪৯৫,৫২,২৯
১০	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	৫১২৩,৯৮,৯৩	-১৪৪,২৩	৫১২২,৫৪,৭০
১১	পরিকল্পনা বিভাগ	০	১২৬৪৯,৩৩,৬৮	১২৬৪৯,৩৩,৬৮
১২	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	০	৬৭,৯৪,৮৫	৬৭,৯৪,৮৫
১৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০	১৫২,৬৯,৪০	১৫২,৬৯,৪০
২৫	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	০	১৪,২৬,৬০	১৪,২৬,৬০
২৮	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০	২৬,৪৬,৯২	২৬,৪৬,৯২
৩০	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	০	১৭,৫২,৩৫	১৭,৫২,৩৫
৩১	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	০	৬৫,৩১,৫৬	৬৫,৩১,৫৬
৩২	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৬১,৮১,৮৫	৬১,৮১,৮৫
৩৩	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	২১৩,৪৮,৬৬	২১৩,৪৮,৬৬
৩৪	স্থানীয় সরকার বিভাগ	১,০০,০০	২১৩৮,১২,৮২	২১৩৯,১২,৮২

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
৩৯	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	০	১৪৮,৭৬,৪৯	১৪৮,৭৬,৪৯
৪০	কৃষি মন্ত্রণালয়	০	৮১৫৭,৭৫,৭৮	৮১৫৭,৭৫,৭৮
৪২	পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	০	৪৩১,৭৫,৫৮	৪৩১,৭৫,৫৮
৪৪	পানি সম্পদ মন্ত্রণালয়	০	৪৩৬০,১১,১৯	৪৩৬০,১১,১৯
৪৬	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০	৪৭০,৯১,১০	৪৭০,৯১,১০
৫১	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	০	২৪৮,০৩,২২	২৪৮,০৩,২২
	মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি	৭১৭৩,৮৮,৯০	৩০৬৪৩,৫১,৬৭	৩৭৮১৭,৪০,৫৭

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত সম্পূরক ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০২৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

আবুল হাসান মাহমুদ আলী  
ভারপ্রাপ্ত মন্ত্রী।

কে, এম, আব্দুস সালাম  
সিনিয়র সচিব।